# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নংঃ সিশিবো/পনি/২০২১/৪৬০

তারিখ ঃ ০৯ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ
২৪ আগস্ট, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় ঃ ২০২১ সালের এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের ব্যবহারিক খাতা জমাদান সংক্রান্ত নির্দেশিকা।

সূত্রঃ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের স্মারক নংঃ ৩৭.০৬.০০০০.৪০২.২২.৩৪২.১৯/১২৩১ তারিখঃ ১২/০৮/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারির কারণে ২০২১ সালের এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষার পাঠ্যসূচি পুনর্বিন্যাস করা হয়েছে । যে সব বিষয়ে ব্যবহারিক আছে সে সব বিষয়ে পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিতে কি কি ব্যবহারিক করতে হবে তাও উল্লেখ করা আছে। যেহেতু কোভিড পরিস্থিতির কারণে ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার্থীদের শুধু নৈর্বাচনিক বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে সেহেতু নৈর্বাচনিক বিষয়গুলোর ব্যবহারিক খাতা (নোট বুক) জমা নেওয়া প্রয়োজন।

এসএসসি/সমমান পরীক্ষার্থীরা তার নৈর্বাচনিক প্রত্যেক বিষয়ের (যেগুলোতে ব্যবহারিক আছে) সংক্ষিপ্ত পাঠ্যসূচিতে উল্লিখিত ব্যবহারিকের যে কোন ২(দুই)টি ব্যবহারিক কার্যক্রমের খাতা (নোট বুক) তৈরী করে স্ব স্ব প্রতিষ্ঠানে জমা দিবে। একইভাবে, এইচএসসি/ সমমানের পরীক্ষার্থীরা তার নৈর্বাচনিক বিষয়ের প্রতিটির (যে গুলোতে ব্যবহারিক আছে ) প্রতি পত্রের জন্য সংক্ষিপ্ত পাঠ্যসূচিতে উল্লিখিত ব্যবহারিকের দু'টি করে ব্যবহারিক কার্যক্রমের খাতা (নোট বুক) তৈরী করে জমা দিবে।

ইতোমধ্যে যদি কোন শিক্ষার্থী ২০২১ সালের সংক্ষিপ্ত পাঠ্যসূচির আলোকে প্রতিপত্রে দুটির বেশি ব্যবহারিকের কার্যক্রম সম্পন্ন করে থাকে তাহলেও শিক্ষার্থী ঐ ব্যবহারিক খাতা/নোট বুকটি জমা দিতে পারবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৪/০৮/২০২১

(প্রফেসর মোঃ কবির আহমদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

অবগতির জন্য অনুলিপিঃ

১. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর আওতাধীন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।
২. সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট (পত্রটি অত্র শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. সংরক্ষণ নথি।